গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, ১০ নং গোল চত্তর,
ভানুগাছ রোড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
dife.moulvibazar.gov.bd

"সুস্থ শ্রমিক, শোভন কর্মপরিবেশ , গড়ে তুলবে স্মার্ট বাংলাদেশ"

**কলকারখানা ও প্রতিষ্ঠান প্রদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার এর ২০২৪-২০২৫ অর্থবছরের এসডিজি বিষয়ক নভেম্বর মাসের মাসিক সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মাদ মাহবুবুল হাসান<br>উপ -মহাপরিদর্শক |
| সভার তারিখ | **১২ ই নভেম্বর, ২০২৪ খ্রি.** |
| সভার সময় | **সকাল ১০.৩০ ঘটিকায়** |
| স্থান | কনফারেন্স রুম, উপ-মহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভার শুরুতে সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন বৈশ্বিক জলবায়ু পরিবর্তন মোকাবেলা এবং সামাজিক বৈষম্য নিরসনের লক্ষ্যে **এসডিজি'র** লক্ষ্যমাত্রা অর্জন করা অত্যন্ত আবশ্যক। তিনি আরও বলেন, এসডিজি'র ৮ নং লক্ষ্যমাত্রা অনুযায়ী উপযুক্ত মজুরি, সামাজিক সুরক্ষা এবং নিরাপদ কর্মপরিবেশ প্রদানের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের জন্য অত্র কার্যালয়ের প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে নিজ নিজ কর্মক্ষেত্রে কর্মপরিকল্পনা অনুযায়ী সুষ্ঠভাবে কর্মসম্পাদন করতে হবে। অতপরঃ সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এসডিজি বিষয়ক **নভেম্বর মাসের মাসিক** সভার কার্যক্রম শুরু করার জন্য আহ্বান জানান। উপ-মহাপরিদর্শক মহোদয়কে ধন্যবাদ জানিয়ে এসডিজি বিষয়ক **নভেম্বর মাসের মাসিক** সভার সামগ্রিক আলোচনা তুলে ধরেন এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব পপি রানী দে।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | পূর্বের মাসিক সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানানো হয়। | বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ২ | কর্মক্ষেত্রে পেশাগত দুর্ঘটনা হ্রাসকরনে করণয় | এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে অবহিত করেন গত অক্টোবর মাসে অত্র কার্যালয়ের আওতাধীন এলাকায় কোন গুরুতর দুর্ঘটনা সংঘটিত হয়নি। সভাপতি মহোদয় বলেন সরজমিনে পরিদর্শনকালে সকল কারখানা ও প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে দুর্ঘটনা হ্রাসে করনীয় কার্যক্রম বিষয়ে অবহিত করতে হবে এবং এবং লিমার মাধ্যমে মাসিক দুর্ঘটনার রিপোর্ট প্রেরণে উদ্বুদ্ধ করতে হবে। | সকল কারখানা ও প্রতিষ্ঠান সরজমিনে পরিদর্শনকালে সেফটি সম্পর্কিত বিষয়গুলো আরো গুরুত্বে সহিত পর্যবেক্ষন করতে হবে এবং লিমা/ ইমেইল/ ডাকযোগে দুর্ঘটনা হ্রাসে করনীয় মর্মে পত্র প্রেরণ করতে হবে এবং লিমার মাধ্যমে অথবা ইমেইলের মাধ্যমে সকল দুর্ঘটনার রিপোর্ট অত্র কার্যালয়ে প্রেরন নিশ্চিত করতে হবে। | সকল পরিদর্শকগণ |
| ৩ | এসডিজি বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা/সেমিনার আয়োজন | এসডিজি বিষয়ে সচেতনতা তৈরি জন্য এস ডি জি'র লক্ষ্যমাত্রা এবং কার্যক্রম নিয়ে অংশীজনদের সাথে নিয়মিত উদ্বুদ্ধকরণ সভায় আলোচনা করা হচ্ছে এবং এর ধারাবাহিকতা বজায় রাখতে হবে মর্মে সভাপতি মহোদয় নির্দেশ প্রদান করতে হবে। | নিয়মিত এসডিজি কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন বিষয়ক উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করতে হবে। | সকল পরিদর্শকগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | এস ডি জি কর্নার হালনাগাদকরন | সভাপতি মহোদয় ওয়েবসাইটে এস ডি জি কর্নার নিয়মিত হালনাগাদ করার ব্যাপারে তথ্য বাতায়ন হালনাগাদকরণ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। | নিয়মিত এস ডি জি কর্নার হালনাগাদ করা এবং কার্যক্রম অব্যাহত রাখার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। | তথ্য বাতায়ন হালনাগাদকরণ ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৫ | এসডিজি সভার কার্যবিবরনী প্রেরন | প্রতিমাসের এস ডি জি সভার কার্যবিবরনী প্রধান কার্রযালয়ে প্রেরন এর ব্যাপারে আলোচনা হয়। | প্রতিমাসে অনুষ্টিত সভার কার্যবিবরনী প্রধান কার্যালয়ে প্রেরন এর ব্যাপারে সংকল্প দৃঢ়করণ করা হয়। | এস ডি জি ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৬ | শিশুশ্রম মুক্তকরণ | এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন এসডিজির লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে শিশুশ্রম নিরসনের পাশাপাশি শিশুশ্রমের সাথে সম্পৃক্ত অন্যান্য সরকারি দপ্তরের সাথে সমন্বয় করে পূর্নবাসন পরিকল্পনাও থাকা প্রয়োজন। সভাপতি মহোদয় শিশুশ্রম নিরসনে সকলকে নিরলস কার্যক্রম পরিচালনার বিষয়ে নির্দেশ প্রদান করেন। | শিশুশ্রম নিরসনে সকলকে আন্তরিকতার সহিত নিরলসভাবে কার্যক্রম পরিচালনা করতে হবে। | সকল পরিদর্শক |
| ৭ | Accident reporting System | লিমার মাধ্যমে Accident reporting System এর কর্মশালা আয়োজন করে দুর্ঘটনা রিপোর্ট লিমার মাধ্যমে প্রেরন এর ব্যবস্থা নেওয়ার ব্যাপারে আলোচনা হয়। | লিমার মাধ্যমে Accident reporting System কর্মশালা আয়োজন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপমহাপরিদর্শক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৮ | SDG বিষয়ক লিফলেট বিতরণ | SDG বিষয়ক সচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণে অংশীজনদের নিকট লিফলেট বিতরণ করা বিষয়ে গুরোত্বারোপ করা হয়। | SDG বিষয়ক সচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণে অংশীজনদের নিকট লিফলেট বিতরণ করা হয়। | সকল পরিদর্শক |

পরিশেষে সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।
সংযুক্তি ঃ পরিশিষ্ট-ক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) CamScanner 11-13-2024 13.52


১৩-১১-২০২৪
মোহাম্মাদ মাহবুবুল হাসান
উপ -মহাপরিদর্শক

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪০.০১.৫৮০০.০০০.১৮.০০৭.২২.৩৭৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। শ্রম পরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার।
২। শ্রম পরিদর্শক, দোকান ও প্রতিষ্ঠান শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার।
৩। শ্রম পরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার।
৪। শ্রম পরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার।
৫। শ্রম পরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার।
৬। শ্রম পরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার।
৭। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক , উপ-মহাপরিদর্শকের দপ্তর , কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার।
৮। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপ-মহাপরিদর্শকের দপ্তর , কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার।



১৩-১১-২০২৪
পপি রানী দে
সহকারী মহাপরিদর্শক